

160

১৭ সেপ্টেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয় খুলছে

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লাসসমূহ ১৭ সেপ্টেম্বর হতে অনুষ্ঠিত হবে। ১৬ সেপ্টেম্বর সকাল ১০টা হতে হলসমূহ ছাত্র-ছাত্রীদের জন্য খুলে দেয়া হবে। ভাইস চ্যান্সেলর প্রফেসর এম. মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে গতকাল অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের জরুরী সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। সভায় ভাইস চ্যান্সেলর বলেন, অভিভাবক ও ছাত্র-ছাত্রীসহ বিভিন্ন মহল

ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

হতে বিশ্ববিদ্যালয় খোলার জন্য চাপ রয়েছে। তিনি আরো বলেন, যেসব কারণে বিশ্ববিদ্যালয় বন্ধ হয়ে গিয়েছিল তা এখনো দূরীভূত হয়নি। সভায় বিশ্ববিদ্যালয় খোলার সিদ্ধান্ত গৃহীত হয়।

এছাড়া বিশ্ববিদ্যালয়ের আইন-শৃংখলা পরিস্থিতি যাতে শান্ত সংঘর্ষে রূপ না নেয় এজন্য আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীকে অনুরোধ জানানো হয়। বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক পরিবেশ যাতে শিক্ষা কার্যক্রমের অনুকূল থাকে সে জন্য ছাত্র সংগঠনসমূহ বিভিন্ন ছাত্র সংগঠন, রাজনৈতিক দল, অভিভাবক এবং সমাজের সর্বস্তরের জনগণের সহায়তা কামনা করা হয়। — প্রেস বিজ্ঞপ্তি।